

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ১৯ কার্তিক, ১৪২৬ বঙ্গাব্দ/০৪ নভেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং-৩৪৯-আইন/আয়কর/২০১৯।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, তোফায়েল আহমেদ ফাউন্ডেশন এর সকল প্রকার আয়কে উক্ত Ordinance এর অধীন আরোপণীয় আয়কর প্রদান হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, ৫ (পাঁচ) বৎসরের জন্য, এতদ্বারা অব্যাহতি (exemption) প্রদান করিল, যথা:-

শর্তসমূহ:

- (ক) তোফায়েল আহমেদ ফাউন্ডেশন-কে উক্ত Ordinance এর section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে নিরীক্ষা বিবরণীসহ আয়কর রিটার্ন দাখিল করিতে হইবে; এবং
- (খ) এই প্রজ্ঞাপনের মাধ্যমে কর অব্যাহতিপ্রাপ্ত আয় উক্ত ফাউন্ডেশনের জনকল্যাণমূলক কাজে ব্যবহার করিতে হইবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

Bangladesh Tax Update

www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি

সিনিয়র সচিব